সব থানায় জিম, আসছে দ্রুত গতির গাড়ি: মুখ্যমন্ত্রী

● ১ পাতার পর

কিন্তু কখনওই নিজের কর্তব্য থেকে সরে আসা উচিত নয়।’ রাজ্যের পুলিশবাহিনীর কল্যাণে সরকারের আন্তরিকতার কথা তুলে ধরে তিনি ঘোষণা করেন, পুজোর কঠিন ডিউটি শেষে পুলিশ, ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স কর্মীদের দু’দিনের বিশেষ ছুটি দেওয়া হবে। পুলিশ আবাসনের সঙ্কট কাটাতে ভবানীপুর থানার পাশে হলদিয়া উন্নয়ন পর্ষদের জমিতে ভবন তৈরির নতুন প্রস্তাবের কথা উল্লেখ করে জেলাশাসককে তিনি বলেন, ‘প্রোপোজাল তৈরি করুন, অর্থের কোনও সমস্যা হবে না। আমি প্রশাসনের প্রধান হিসেবে আপনাকে কথা দিতে পারি।’ অর্থনৈতিক সুরক্ষা ও বদলি নীতির আমূল সংস্কার তুলে ধরে মুখ্যমন্ত্রী জানান, ১৫ অক্টোবর অতিরিক্ত ২০ শতাংশ ডিএ–সহ অগ্রিম বেতন দেওয়া হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে থাকা ৪২ শতাংশ পার্থক্যের কথা উল্লেখ করে তিনি বলেন, ‘আমি পুরোটা একসঙ্গে পারিনি, আস্তে আস্তে গ্যাপ মেকআপ করে দেব।’ একই সঙ্গে পুলিশকর্মীদের রেশনের ভাতা ৫০০ টাকা বাড়ানো এবং আগামী বাজেটে তা আরও বৃদ্ধির অঙ্গীকার করেন তিনি। বদলি নীতি প্রসঙ্গে ১৫ বছর পার করা কর্মীদের নিজেদের জেলায় এবং মহিলা কর্মীদের পার্শ্ববর্তী জেলায় পোস্টিংয়ের ব্যবস্থার কথা জানান। পুলিশ ভবন সারাই এবং ১১২ জরুরি পরিষেবার রূপায়ণের মাধ্যমেই পুলিশি ব্যবস্থাকে আরও আধুনিক করে তোলা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী দাবি করেন। থানাগুলির বিশাল ভৌগোলিক সীমানায় দ্রুত রেসপন্স করার চ্যালেঞ্জ মাথায় রেখে প্রতিটি থানায় চারটি চারচাকার গাড়ি, চারটি বাইক ও পাঁচজন লেডি কনস্টেবল–সহ ২০ জনের টিম গঠনের পরিকল্পনার কথা জানান। পূর্ব মেদিনীপুরের জেলা পুলিশ সুপার অংশুমান সাহার প্রশংসা করে মুখ্যমন্ত্রী বলেন, ‘পুলিশ সুপার অত্যন্ত সিনিয়র, কিছুদিনের মধ্যেই তিনি ডিআইজি হয়ে যাবেন।’

মানিকতলা চালতাবাগান লোহাপট্টি দুর্গাপুজোর উদ্বোধনে রাজ্যপাল আরএন রবি, স্ত্রী লক্ষ্মী রবি, বিজেপি নেতা শিশির বাজোরিয়া, সন্দীপ ভুতোরিয়া ও হরিমোহন বাঙ্গুর। ছবি: আজকাল

ষষ্ঠীতেই একডালিয়া এভারগ্রিনে জনজোয়ার। শুক্রবার। ছবি: দীপক গুপ্ত

নারীশক্তির জাগরণেই নতুন ভোর

● ১ পাতার পর

প্রতিটি কর্মসূচি থেকেই দলীয় বা রাজনৈতিক সীমানা ছাড়িয়ে সাধারণ মানুষের সঙ্গে মানবিক ও আত্মিক সম্পর্ক গড়ে তোলায় জোর দেন তিনি। তাঁর দীর্ঘ রাজনৈতিক লড়াই ও চড়াই–উতরাইয়ের দিনগুলিতে পাশে থাকার জন্য সাধারণ মানুষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে এলাকায় জীবনযাত্রার মানোন্নয়ন এবং বিভিন্ন সামাজিক প্রকল্পের সুফল পৌঁছে দেওয়ার অঙ্গীকার করেন। একই সঙ্গে অতীতে সনাতন সংস্কৃতি ও দুর্গাপুজোর ক্ষেত্রে নানাবিধ বাধা সৃষ্টির অভিযোগ এনে বর্তমান সরকারের আমলে পুজোর সংখ্যাবৃদ্ধি ও অনুদান প্রদানের কথা স্মরণ করিয়ে দেন। স্বচ্ছতার ভিত্তিতে কর্মসংস্থান, স্বাস্থ্যসেবার প্রসার এবং পরিকাঠামোগত উন্নয়নের বার্তাই ছিল তাঁর বক্তব্যের মূল সুর। এদিন খেজুরির বীরবন্দর চৌরঙ্গি উন্নয়ন সংস্থার পুজো উদ্বোধনের মাধ্যমে পুজো পরিক্রমার সূচনা করেন মুখ্যমন্ত্রী। সেখানে ভাষণে খেজুরিকে উন্নয়নে ভরিয়ে তোলার প্রতিশ্রুতি দেন। খেজুরি ও কাঁথি সংযোগকারী সেতু নির্মাণ, খেজুরিকে পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলা এবং শিক্ষা ও পরিকাঠামোর সার্বিক রূপান্তরের আশ্বাস দিয়ে তিনি জানান, খেজুরির মানুষের ত্যাগ ও লড়াইয়ের ঋণ তিনি উন্নয়ন দিয়েই শোধ করবেন। ‘কথা কম কাজ বেশি’, এটাই তাঁর সরকারের মূল নীতি বলে তিনি জানান। এর পর নন্দীগ্রামের আমগাছিয়া সুভাষ আজাদ ক্লাব, জোয়ারভরা স্পোর্টিং ক্লাব, আসাদতলা সর্বজনীন এবং রেয়াপাড়া সর্বজনীন দুর্গোৎসবের মণ্ডপ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। নন্দীগ্রামের সঙ্গে নিজের গভীর আবেগের কথা পুনর্ব্যক্ত করে এদিনও তিনি জানান, ভবানীপুরের বিধায়ক হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি তিনি আজীবন নন্দীগ্রামের ভোটার হয়েই থাকবেন। নন্দীগ্রামকে শহরে রূপান্তর করার লক্ষ্য নিয়ে হলদিয়া–নন্দীগ্রাম সেতু নির্মাণ দ্রুত সম্পন্ন করা, নন্দীগ্রাম সুপারস্পেশ্যালিটি হাসপাতালের আধুনিকীকরণ, মহেশপুর হেল্‌থ সেন্টারের মানোন্নয়ন এবং পরিযায়ী শ্রমিক ও প্রান্তিক পরিবারগুলির আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার একাধিক প্রতিশ্রুতি দেন তিনি। শেষ পর্বে তমলুকের নিমতৌড়ি ভারত সঙ্ঘ এবং ‘আমার পরিবার’ বৃন্দের পুজো উদ্বোধনের মাধ্যমে তিনি কর্মসূচির সমাপ্তি ঘটান। এদিনের পুজো উদ্বোধন অনুষ্ঠানগুলিতে মুখ্যমন্ত্রী ছাড়াও বিভিন্ন জায়গায় উপস্থিত ছিলেন জেলা পরিষদের সভাধিপতি বামদেব গুছাইত, বিধায়ক সুব্রত পাইক, হাসিরানি রথ, জেলাশাসক নিরঞ্জন কুমার, জেলা পুলিশ সুপার অংশুমান সাহা প্রমুখ।

পঞ্চমীতে আটক ৩৩৪, ধৃত ২৮

পঞ্চমীর দিন কলকাতা জুড়ে নানা অপরাধে ৩৩৪ জনকে আটক করেছে পুলিশ। ২৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের বিরুদ্ধে জরিমানা। উদ্ধার হয়েছে ৩.৬ লিটার চোলাই মদ। এক বাইকে তিন আরোহী থাকার কারণে ৩৫ জন, হেলমেট ছাড়া বাইক চালানোর জন্য ৯২ জন, বেপরোয়া গাড়ি চালানোর জন্য ৬৫ জন এবং মদ খেয়ে গাড়ি চালানোর জন্য ৬১ জনের জরিমানা করা হয়েছে।

এসআরএফটিআই: আপাতত বন্ধ রাখার নির্দেশ কর্তৃপক্ষের

আজকালের প্রতিবেদন

পড়ুয়া–বিক্ষোভের মধ্যেই ২৪ ঘণ্টার মধ্যে হস্টেল খালি করে ক্যাম্পাস ছাড়ার নির্দেশিকা জারি হল সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট (এসআরএফটিআই)–এ। শুক্রবার নতুন বিজ্ঞপ্তি জারি করে কর্তৃপক্ষ জানিয়েছেন, ১৩ নভেম্বর পর্যন্ত নিয়মিত পঠনপাঠন বন্ধ থাকবে এসআরএফটিআইয়ে। পড়ুয়াদের আগামী ২৪ ঘণ্টার মধ্যে ক্যাম্পাস ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। ফিল্ম উইং এবং ইলেকট্রনিক অ্যান্ড ডিজিটাল মিডিয়া (ইডিএম) উইংয়ের সমস্ত নিয়মিত কার্যকলাপ স্থগিত রাখা হয়েছে। এদিন রেজিস্ট্রার দীপক কুমার এই নির্দেশ জারি করেছেন। ক্যাম্পাস খালি করার নির্দেশের পাশাপাশি জানানো হয়েছে, হস্টেল এবং মেস পরিষেবাও বন্ধ রাখা হবে। প্রসঙ্গত, আগে দুর্গাপুজো উপলক্ষে ১৭ থেকে ২০ অক্টোবর পর্যন্ত ছুটি ঘোষণা হয়েছিল।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, আসন্ন উৎসবের মরশুম এবং প্রশাসনিক প্রয়োজনের কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের প্রশাসনিক কাজকর্মে ইচ্ছাকৃত বাধা সৃষ্টি করা কিংবা আইনসম্মত নির্দেশ অমান্য করার অভিযোগ উঠলে সংশ্লিষ্ট পড়ুয়াদের বিরুদ্ধে নিয়ম অনুযায়ী শাস্তিমূলক বা আইনি পদক্ষেপ করা হতে পারে। নির্দেশিকা অনুযায়ী, ফিল্ম উইং এবং ইডিএম উইংয়ের নিয়মিত পঠনপাঠন বন্ধ থাকবে। তবে নির্ধারিত সূচি মেনে চলবে আইটেক কর্মসূচি। এক্ষেত্রে প্রতিষ্ঠানের তরফে সময়ে সময়ে জারি করা নির্দিষ্ট নির্দেশিকা মেনে চলতে হবে। গত কয়েক দিন ধরেই উপাচার্য সন্তোষ আজমেরার পদত্যাগের দাবিতে আন্দোলন চালাচ্ছেন এসআরএফটিআইয়ের পড়ুয়ারা। সিসি ক্যামেরা বসানোকে কেন্দ্র করে উপাচার্যের দপ্তরে ভাঙচুর ও তাঁকে শারীরিক ভাবে নিগ্রহ করার অভিযোগে ইতিমধ্যেই ছয় পড়ুয়াকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছেন কর্তৃপক্ষ। তার মধ্যে এই নির্দেশিকা নতুন জটিলতা তৈরি করেছে। পড়ুয়াদের অনেকেই ভিন্‌রাজ্যের। ফলে এত কম সময়ের মধ্যে হস্টেল ছেড়ে কোথায় যাবেন, তা নিয়ে সমস্যা দেখা দিয়েছে। পড়ুয়াদের একাংশের দাবি, তাঁদের শান্তিপূর্ণ অবস্থান–বিক্ষোভ বানচাল করতেই এই নির্দেশ। তবে নির্দেশিকায় এই সিদ্ধান্তের কারণ হিসেবে সরাসরি পড়ুয়াদের আন্দোলনের কথা উল্লেখ করা হয়নি। নির্দেশ কার্যকর করার দায়িত্ব দেওয়া হয়েছে ডিন, বিভাগীয় প্রধান, হস্টেল ওয়ার্ডেন, নিরাপত্তা আধিকারিক–সহ সংশ্লিষ্ট কর্তাদের। নির্দেশ অমান্য করার ঘটনা নথিবদ্ধ করে তা যথাযথ কর্তৃপক্ষকে জানাতেও বলা হয়েছে।

বোনাস না দেওয়ায় গ্রেপ্তার ৩ চা-বাগানের ম্যানেজার

অম্লানজ্যোতি ঘোষ
আলিপুরদুয়ার, ১৬ অক্টোবর

পুজোর মুখে নির্ধারিত সময়ের মধ্যে শ্রমিকদের বোনাস দিতে না পারার অভিযোগে আলিপুরদুয়ারের মেরিকো সংস্থার অধীন তিনটি চা–বাগানের ম্যানেজারকে গ্রেপ্তার করল পুলিশ। শুক্রবার সন্ধ্যায় মাদারিহাট থানার পুলিশ গ্যারগেন্ডা, হান্টাপাড়া ও ধুমচিপাড়া চা–বাগানের ম্যানেজারকে গ্রেপ্তার করে। পাশাপাশি, বাগানগুলির পরিচালনাকারী সংস্থার কর্ণধার সুরজিৎ বক্সির বিরুদ্ধেও মাদারিহাট থানায় অভিযোগ দায়ের হয়েছে। তাঁকেও গ্রেপ্তারের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বিশাল লামা। পুজোর আগে বোনাস না পেয়ে কয়েক হাজার চা–শ্রমিকের আন্দোলন, ৪৮ নম্বর এশিয়ান হাইওয়ে অবরোধ এবং তার পরেই তিন ম্যানেজারের গ্রেপ্তারি ঘিরে চা শিল্পমহলে জোর চর্চা শুরু হয়েছে। রাজ্য সরকারের নির্দেশ অনুযায়ী, উত্তরবঙ্গের চা–বাগানগুলিতে এবার ২০ শতাংশ হারে পুজোর বোনাস দেওয়ার কথা। সেই নির্দেশ মেনে ১৬ অক্টোবর পর্যন্ত আলিপুরদুয়ার জেলার সিংহভাগ চা–বাগানেই বোনাস দেওয়ার প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে। কিন্তু মাদারিহাট–বীরপাড়া ব্লকের মেরিকো সংস্থার অধীন তিনটি চা–বাগানের শ্রমিকদের বোনাস নিয়ে তৈরি হয় জটিলতা। অভিযোগ, সংস্থার তরফে ১৩ ও ১৪ অক্টোবরের মধ্যে বোনাস মিটিয়ে দেওয়ার কথা জানানো হয়েছিল। সেই আশ্বাসে ভরসা করেই অপেক্ষায় ছিলেন কয়েক হাজার শ্রমিক। কিন্তু প্রতিশ্রুতি অনুযায়ী বোনাস না মেলায় পুজোর ঠিক আগে ক্ষোভে ফেটে পড়েন তাঁরা। শুক্রবার সকাল থেকে আন্দোলনে নামেন গ্যারগেন্ডা, হান্টাপাড়া ও ধুমচিপাড়া চা–বাগানের শ্রমিকেরা। প্রথমে তাঁরা মাদারিহাট থানার সামনে বিক্ষোভ দেখান। পরে বোনাস প্রদানের নির্দিষ্ট দিনক্ষণ নিয়ে পুলিশের তরফে স্পষ্ট আশ্বাস না মেলায় ৪৮ নম্বর এশিয়ান হাইওয়েতে বসে অবরোধ শুরু করেন তাঁরা। দুপুর পর্যন্ত অবরোধ চলায় সড়কের দু’দিকে বহু যানবাহন আটকে পড়ে। পুজোর আগে এমন পরিস্থিতিতে সমস্যায় পড়েন সাধারণ যাত্রীরাও।

pnb Housing Finance Limited Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com
শাখার ঠিকানা: ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬, পশ্চিমবঙ্গ

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী ‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.

লোন অ্যাকাউন্ট নম্বর এবং ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/KOL/ 0919/ 746194 উত্তম ঘোষ / সুমিতা ঘোষ শাখা অফিস: কলকাতা	₹ ১২,৯৭,৯১৯.৯৫ এবং ০৬.০৮.২০২১	বাস্তবিক	সামান্য কমবেশি ৬৫০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি ফ্ল্যাট, যার মধ্যে আছে দুটি বেডরুম, একটি ড্রয়িং কাম ডাইনিং স্পেস, একটি কিচেন, একটি টয়লেট ও একটি বারান্দা, যা উক্ত বিল্ডিংয়ের ৩ নং ফ্লোরের সামনের অংশে অবস্থিত, যার স্থিতি ও বিবরণ: মৌজা– **হাতিয়াড়া,** ওয়ার্ড নং ২০, **রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটির** এলাকাভুক্ত, **থানা– রাজারহাট,** জেলা– **উত্তর ২৪ পরগনা,** তৎসহ সামান্য কমবেশি ২ কাঠা জমির ওপর নির্মিত **‘কুন্দকিরণ অ্যাপার্টমেন্ট’** নামক জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ৩ নং ফ্লোরে পশ্চিম ভাগে অবস্থিত ৭ নং ফ্ল্যাট, তৎসহ উক্ত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার, সি এস দাগ নং ৪০৮৩, আর এস দাগ নং ৪০৮৮, খতিয়ান নং ১৪৬৫, এল আর খতিয়ান নং ১১৬৬০, জে এল নং ১৪, আর এস নং ১৮৮, তৌজি নং ১০৭৪, **রাজারহাট থানার অন্তর্গত, জেলা– উত্তর ২৪ পরগনা, মিউনিসিপ্যাল** হোল্ডিং নং ৩৫৯, ওয়ার্ড নং ২০, **রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটির** এলাকাভুক্ত, এডিএসআর অফিস– রাজারহাট, **থানা– রাজারহাট, জেলা– উত্তর ২৪ পরগনা। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– আর এস দাগ নং ৪০৮৮; **দক্ষিণ**– আর এস দাগ নং ৪০৮৮; **পূর্ব**– ১৫ ফুট চওড়া সাধারণ চলাচলের রাস্তা; **পশ্চিম**– আর এস দাগ নং ৪০৮৮।	₹ ১২,৯৯,০০০/–	₹ ১,২৯,৯০০/–	১২.১১.২৬	₹ ১০,০০০/–	০২.১১.২৬ সকাল ১০টা থেকে সন্ধে ৫টা ৩০ মিনিট	১৩.১১.২৬ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	* শূন্য/ জানা নেই
HOU/ KOL/ 0424/ 1241169 প্রকাশ চাঁদ / কুসুম লতা শাখা অফিস: কলকাতা	₹ ৩৮,৪১,২৮০.৭৩ এবং ০৬.১০.২৫	বাস্তবিক	৩.১৪ একর জমির প্লটের উপর নির্মিত **কাউন্টি–ফেজ ১এ** নামে পরিচিত কমপ্লেক্সের টাওয়ার ৩ এর ফার্স্ট ফ্লোরে ফ্ল্যাট নং ১জি এর সমগ্র, মাপ ৯১৪ বর্গফুট বা কার্পেট এরিয়া ৬৫০.৩৯ বর্গফুট, গ্রাউন্ড লেভেলে একটি গাড়ি পার্ক করার অধিকারের ওপেন কভার্ড স্পেস মাপ ১৩৫ বর্গফুট, অংশত আরএস/এলআর দাগ নং ৭৮০, ৭৮২, ৭৮৫, ৭৮৬, ৭৮৭ ও ৭৯০, এল আর খতিয়ান নং ২৬৯৮, মৌজা **দৌলতপুর, থানা বিষ্ণুপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, কুলেরদারি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন। চৌহদ্দি: দক্ষিণ**: মৌজা দৌলতপুরে আর এস দাগ নং ৭৮১, ৭৮২, ৭৮৩, ৭৮৪ ও ৭৮৫ এর জমি; **উত্তর**: মৌজা দৌলতপুরে আর এস দাগ নং ৭৮০, ৭৮০/১১৪০, ৭৮৮ ও ৭৯০ এর জমি; **পূর্ব**: ১০ মিটার চওড়া রাস্তা ও মৌজা দৌলতপুরে আর এস দাগ নং ৭৯১, ৭৮৫ এর জমি; **পশ্চিম**: মৌজা দৌলতপুরে আর এস দাগ নং ৭৮০ ও ৭৮২–এর জমি।	₹ ২৪,৩৪,০০০/–	₹ ২,৪৩,৪০০/–	১২.১১.২৬	₹ ১০,০০০/–	০২.১১.২৬ সকাল ১০টা থেকে সন্ধে ৫টা ৩০ মিনিট	১৩.১১.২৬ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	* শূন্য/ জানা নেই
HOU/ KOL/ 0916/ 318570 পারভেজ আলম/হেনা আঞ্জুম শাখা অফিস: কলকাতা	₹ ১৯,১৮,৫২৫.২২ এবং ১৫.০৪.২০২৪	বাস্তবিক	সামান্য কমবেশি ১ কাঠা ৯ ছটাক ২১ বর্গফুট বাস্তু জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত **‘ওম সাই অ্যাপার্টমেন্ট’** নামক বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে সামান্য কমবেশি ৭০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ২ বিএইচকে ফ্ল্যাট নং ১বি–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– **সুখচর**, জে এল নং ৯, আর এস নং ১৪, তৌজি নং ১৫৬, আর এস দাগ নং ৩১১৯, আর এস খতিয়ান নং ৪৪৮, হোল্ডিং নং ৮৮, **ডাঃ গোপাল চ্যাটার্জি রোড**, থানা– **খড়দহ**, জেলা– **উত্তর ২৪ পরগনা, পানিহাটি পুরসভার ২ নং ওয়ার্ডের এলাকাধীন। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– ১৫ ফুট চওড়া ডাঃ জি সি চ্যাটার্জি রোড; **দক্ষিণ**– উজ্জ্বলের বাড়ি; **পূর্ব**– কেষ্ট কোলের বাড়ি; **পশ্চিম**– উজ্জ্বলের কারখানা।	₹ ১৩,০৫,০০০/–	₹ ১,৩০,৫০০/–	১২.১১.২৬	₹ ১০,০০০/–	০২.১১.২৬ সকাল ১০টা থেকে সন্ধে ৫টা ৩০ মিনিট	১৩.১১.২৬ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	* শূন্য/ জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। [১] আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। [২] নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। [৩] অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। [৪] ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: **পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০ , ই–মেল: auction@pnbhousing.com অথবা www.pnbhousing.com দেখতে পারেন।**

স্থান: কলকাতা; তারিখ: ১৭.১০.২০২৬
অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda
যশোর রোড শাখা
৭৫, সোনাল প্লাজা, নাগের বাজার, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন–৭০০০২৮
ই–মেল: JESSOR@bankofbaroda.bank.in
ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার ‘A’
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম /লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই–নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য ইএমডি অর্থাঙ্ক বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (প্রতীকী / বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	মিসেস মিঠু ভট্টাচার্য এবং পার্থ ভট্টাচার্য ঠিকানা: ৭/১, বাবুতলা রোড, দমদম, কলকাতা–৭০০০২৮	বহুতল বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই বিল্ডিংয়ের ৩ নং ফ্লোরে দক্ষিণ–পশ্চিম অংশে সামান্য কমবেশি ৭৫০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ১১–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– সাতগাছি, জে এল নং ২০, এল আর দাগ নং ১২১৮ (অংশ) / ১০৯৬, সম্পর্কিত ইপি নং ১৮, এসপি নং ২৭, দক্ষিণ দমদম পুরসভার অন্তর্গত, হোল্ডিং নং ১৮ (পুরনো), ৩০ (নতুন), হিন্দ কলোনি, থানা– দমদম, উত্তর ২৪ পরগনা, ২০১৬ সালের দলিল নং ৮৭৯৯ অনুযায়ী। চৌহদ্দি ও চতুর্সীমা: পুরো সম্পত্তটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর– সি এস প্লট নং ১২১৬ (অংশ); দক্ষিণ– কলোনির রাস্তা; পূর্ব– ইপি নং ১৭, ভূস্বামী/ বন্ধকদাতা; পশ্চিম– হিন্দ কলোনি রোড।	₹ ১৯,৪৮,৩৯১.৩২ (উনিশ লক্ষ আটচল্লিশ হাজার তিনশো একানব্বই টাকা বত্রিশ পয়সা মাত্র), ০১.০৮.২০২৬ অনুযায়ী	০৭.১১.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা (১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)	সম্পত্তি ₹১৯,৪৪,০০০.০০ ₹১,৯৪,৪০০.০০ ₹১০,০০০.০০	প্রতীকী	০৫.১১.২০২৬ দুপুর ৩টে থেকে বিকেল ৫টা সম্পর্কিত আধিকারিক: মোবাইল নম্বর: ৯১৯৯০০৪৫৫৬ (আগাম যোগাযোগ করে নেবেন)

বিক্রি সংক্রান্ত বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.bankofbaroda.in/e-auction.htm** এবং অনলাইন নিলাম পোর্টাল **https://baanknet.com**–তে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন: ৯৯৯৮৪৭০৩৩২ / ৭৯০৮৮৩৭৩৪৯।

স্থান: কলকাতা (রীতেশ কুমার ভার্মা),
তারিখ: ১৬.১০.২০২৬
অনুমোদিত আধিকারিক
চিফ ম্যানেজার, ব্যাঙ্ক অফ বরোদা

इंडियन बैंक Indian Bank
इलाहाबाद ALLAHABAD
ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস চুঁচুড়া
২ নং ফ্লোর, সেনকো বিল্ডিং, বালি মোড়, ব্যান্ডেল, পোঃঅঃ ও জেলা– হুগলি, পিন–৭১২১০৩,
ফোন: (০৩৩) ২৬৮০ ২৯৯০; ই–মেল: zochinsurah@indianbank.co.in
বিক্রয়ের বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/রেহানাবদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর ও অস্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য **ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির **প্রতীকী দখল** নিয়েছেন যেটি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।

ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	সম্পত্তির বিবরণ	সুরক্ষিত ঋণদাতার অনাদায়ী বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বৃদ্ধি অর্থাঙ্ক ঘ) সম্পত্তি আইডি ঙ) সম্পত্তির দায় চ) দখলের প্রকৃতি
ক) **শ্রী হারাধন ভাণ্ডারী (ঋণগ্রহীতা),** পিতা– হরিপদ ভাণ্ডারী, গ্রাম ও পোঃঅঃ– বারুইপাড়া, পূর্বপাড়া, পলতাগড়, থানা– সিঙ্গুর, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৩০৬ **শ্রী হরিপদ ভাণ্ডারী (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা),** পিতা– নিমাই চন্দ্র ভাণ্ডারী, গ্রাম ও পোঃঅঃ– বারুইপাড়া, পূর্বপাড়া, পলতাগড়, থানা– সিঙ্গুর, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৩০৬ খ) **শাখা: বারুইপাড়া স্টেশন রোড** গ) **ই নিলামের তারিখ: ১০.১১.২০২৬**	সামান্য কমবেশি ১ ডেসিমেল মাপের জমি ও এর উপরিস্থিত বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বারুইপাড়া, জে এল নং ৮৫, দাগ নং ২৩৫৫ (অংশ), আর এস দাগ নং ৯৭৪, তৌজি নং ৪৫৩, বারুইপাড়া পলতাগড় গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, থানা– সিঙ্গুর, জেলা– হুগলি। ডিএসআর– সিঙ্গুরে বই নং ১, ভলিউম নং ৬৮, পৃষ্ঠা নং ৪৪৯ থেকে ৪৫২–তে নিবন্ধিত ১৬.১২.১৯৯০ তারিখের দলিল নং ৫৪৩৮/১৯৯০ অনুযায়ী **সম্পত্তির স্বত্বধারক শ্রী হরিপদ ভাণ্ডারী। সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– দাগ নং ২৩৫৫ (অংশ) সংবলিত ফাঁকা জমি; **দক্ষিণ**– সাধারণ করিডর; **পূর্ব**– দাগ নং ২৩৫৫ (অংশ) সংবলিত ফাঁকা জমি; **পশ্চিম**– দাগ নং ২৩৫৫ (অংশ) সংবলিত ফাঁকা জমি।	₹২,৬৪,২৭৩/– (দুই লক্ষ চৌষট্টি হাজার দুশো তিয়াত্তর টাকা মাত্র) **১৫.১০.২০২৫** অনুসারে এবং পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তির হারে উদ্ভূত সুদ, চার্জ ও খরচ।	ক) ₹৮,৯৮,০০০/– (আট লক্ষ আটানব্বই হাজার টাকা মাত্র) খ) ₹৮৯,৮০০/– (উননব্বই হাজার আটশো টাকা মাত্র) গ) ₹১০,০০০/– (দশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB6461518989 ঙ) অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে এই সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই চ) প্রতীকী দখল
ক) **শ্রী সত্যব্রত রায় (ঋণগ্রহীতা),** পিতা–শ্রী রামকৃষ্ণ রায় ১৭৮/১/১ এন এস রোড (নর্থ), চণ্ডীতলা, পোঃ এম জি কলোনি, থানা ভদ্রেশ্বর, হুগলি, ৭১২১৩৯, পশ্চিমবঙ্গ খ) **শাখা: সারদাপল্লী** গ) **ই নিলামের তারিখ: ১৮.১১.২০২৬**	কমবেশি ১ কাঠা, ৪ ছটাক জমি ও তার উপর নির্মিত বিল্ডিংয়ের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, যার অবস্থান: জেলা হুগলি, এডিএসআর চন্দননগর, থানা ও পুরসভা ভদ্রেশ্বর, ওয়ার্ড নং ৩ (নতুন), হোল্ডিং নং ১৭৮/১, মহল্লা–এন এস রোড চণ্ডীতলা, জে এল নং ১২, মৌজা ভদ্রেশ্বর, আর এস খতিয়ান নং ২১০১, আর এস দাগ নং ৫১৫, এল আর দাগ নং ৫০৮, বুক নং ১, ভলিউম নং ৭, পৃষ্ঠা ৩৫৮২ থেকে ৩৫৯৯ তে নিবন্ধিত ০৩.০৮.২০১১ তারিখের দলিল নং ২০২০/২০১১ অনুসারে **সম্পত্তিটি সত্যব্রত রায়ের নামে। সম্পত্তির চৌহদ্দি (দলিল অনুসারে) : উত্তর**– ছোটন লাল রায়ের সম্পত্তি; **দক্ষিণ**– ১০ ফুট পুর রাস্তা; **পূর্ব**– লক্ষ্মী রানি রায়ের সম্পত্তি; **পশ্চিম**– ৬ ফুট পুর রাস্তা।	**₹২০,৫২,৬১৭.৯৫** (কুড়ি লক্ষ বাহান্ন হাজার ছশো সতেরো টাকা এবং পঁচানব্বই পয়সা মাত্র) **২৫.০২.২০২৬** অনুসারে এবং পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ, অন্যান্য চার্জ ও খরচ।	ক) ₹১৪,৫৫,০০০/– (চৌদ্দ লক্ষ পঞ্চান্ন হাজার টাকা মাত্র) খ) ₹১,৪৫,৫০০/– (এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশো টাকা মাত্র) গ) ₹২০,০০০/– (কুড়ি হাজার টাকা মাত্র) ঘ) IDIB50399567472 ঙ) অনুমোদি ত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে এই সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই চ) প্রতীকী দখল

ই–নিলামের সময়: তারিখ: সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই–মেল: **support.ebkray@psballiance.com**)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.ebkray@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

শুভজিৎ দত্ত ব্রাঞ্চ ম্যানেজার, সারদাপল্লী ব্রাঞ্চ: ৮২৪০৪২৫৮৬৩, প্রতীক সিং, ব্রাঞ্চ ম্যানেজার, বারুইপাড়া স্টেশন রোড ব্রাঞ্চ: ৯৭১১১৮৯০৬৮, রণধীর কুমার, অনুমোদিত আধিকারিক: ৭২৭৭০৬৪০০০

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১৬.১০.২০২৬, স্থান: ব্যান্ডেল
স্বা/–অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

AXIS BANK
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড, লোন সেন্টার (লিগাল ডিপার্টমেন্ট)
প্লট নং ০৩, রাধা মালতী, ৩ নং ফ্লোর, অ্যাক্সিস ব্যাঙ্ক বাপুজি নগর ব্রাঞ্চের নিকটে,
বাপুজি নগর, ভুবনেশ্বর, ওড়িশা–৭৫১০০৯
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১)–সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুসারে]

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে **৬০ দিনের** মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির **দখল** নিয়েছেন। বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে **অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড**–এর প্রতি দায় সাপেক্ষ হবে। **সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।**

ঋণগ্রহীতা / জামিনদারের নাম এবং ঠিকানা	স্থাবর সম্পত্তির বিবরণ	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ
১. **মিঃ গৌতম বেরা (প্রাথমিক-আবেদনকারী)** পিতা– মিঃ গোলক চন্দ্র বেরা, নিবাস: সাদি, সাদিহাট, রামনগর, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৪৪৬	**(কোল্যাটেরাল সিকিউরিটি)** ১০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: খাতা নং ৬৭৮, প্লট নং ৫৫৭, মৌজা– সাদি, তহসিল– রামনগর, জে এল নং ৩৩, থানা– রামনগর, জেলা– পূর্ব মেদিনীপুর, কিসম– ঘরাবাড়ি (আরওআর অনুযায়ী), তৎসহ এই জমিতে নির্মিত বাড়ি। **সম্পত্তিটি মিঃ গৌতম বেরা**–এর নামে নথিভুক্ত।	ক) ₹৯,০৯,৯০২.২০ (নয় লক্ষ নয় হাজার নশো দুই টাকা এবং কুড়ি পয়সা মাত্র), লোন অ্যাকাউন্ট নং ***********5003–এর প্রেক্ষিতে এনপিএ এর তারিখ অনুযায়ী বকেয়া এবং ₹২৯,৮৮৬.০৫ (উনত্রিশ হাজার আটশো ছিয়াশি টাকা এবং পাঁচ পয়সা মাত্র), লোন অ্যাকাউন্ট নং ***********5016–এর প্রেক্ষিতে এনপিএ এর তারিখ অনুযায়ী বকেয়া, যা চুক্তি বাতিলের কারণে বকেয়া অর্থ, তৎসহ পেমেন্টের তারিখ পর্যন্ত চুক্তিবদ্ধ হারের অব্যবহৃত সুদ। খ) ১৬.০২.২০২৬ গ) ১৩.১০.২০২৬
১. **মিঃ অসীম দাস (প্রাথমিক-আবেদনকারী),** পিতা– শ্রীশ দাস ২. **মিসেস শিপ্রা মহাপাত্র দাস (সহ-আবেদনকারী)** পিতা– মিঃ অসীম দাস, সকলের নিবাস: পশ্চিমবাড়, পোঃঅঃ– বিষ্ণুপুর, থানা– রামনগর, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১৪৪৬	**(কোল্যাটেরাল সিকিউরিটি)** ১৬৮৫ বর্গফুট জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: গ্রাম– পশ্চিমবাড়, পোঃঅঃ– বিষ্ণুপুর, থানা– রামনগর, মৌজা– পশ্চিমবাড়, জে এল নং ৭২, খতিয়ান নং ১৩৩০, প্লট নং ৪৫৫ এবং ৪৬৬, বসন্তপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪৪৬, রেকর্ড অফ রাইটস (আরওআর) অনুযায়ী ঘরাবাড়ি হিসেবে শ্রেণীবদ্ধ, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো এবং এর সাথে সংযুক্ত সমস্ত ইজমেন্ট ও অ্যাপার্টিনেন্স। উক্ত সম্পত্তিটি **মিঃ অসীম দাস**–এর নামে নথিভুক্ত।	ক) ₹৩২,১৩,৭৯৮ (বত্রিশ লক্ষ তেরো হাজার সাতশো আটানব্বই টাকা মাত্র), লোন অ্যাকাউন্ট নং ***********4428–এর প্রেক্ষিতে এনপিএ এর তারিখ অনুযায়ী বকেয়া (এর মধ্যে এনপিএ তারিখ পর্যন্ত সুদ অন্তর্ভুক্ত করা আছে), এই নোটিশ জারির তারিখ অনুযায়ী এবং ₹৩২,৫৯২ (বত্রিশ হাজার পাঁচশো বিরানব্বই টাকা মাত্র), লোন অ্যাকাউন্ট নং ***********4431–এর প্রেক্ষিতে এনপিএ এর তারিখ অনুযায়ী বকেয়া (এর মধ্যে এনপিএ তারিখ পর্যন্ত সুদ অন্তর্ভুক্ত করা আছে), এই নোটিশ জারির তারিখ অনুযায়ী (সর্বমোট পরিমাণ ₹৩২,৪৬,৩৯০), চুক্তি বাতিলের কারণে বকেয়া অর্থ, তৎসহ পেমেন্টের তারিখ পর্যন্ত চুক্তিবদ্ধ হারের পরবর্তী সুদ। খ) ০১.০৬.২০২৬ গ) ১৩.১০.২০২৬
১. **মিঃ সুব্রত বেরা (প্রাথমিক-আবেদনকারী)** পিতা– মিঃ তুলসী চরণ বেরা, নিবাস: ভাগীব্রম্ভপুর, দিঘা নিউ টাউনশিপ, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৪৬৩	**(কোল্যাটেরাল সিকিউরিটি)** ৭ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: খাতা নং ৫০৫, প্লট নং ২০৬, মৌজা– ভাগীব্রম্ভপুর, তহসিল– রামনগর, জে এল নং ৭৯, জেলা– পূর্ব মেদিনীপুর, কিসম– ঘরাবাড়ি (আরওআর অনুযায়ী), তৎসহ এই জমিতে নির্মিত বাড়ি। উক্ত সম্পত্তিটি মিঃ সুব্রত বেরা, পিতা- মিঃ তুলসী চরণ বেরা–এর নামে নথিভুক্ত।	ক) ₹৫,৯৯,০৭৬.৫৭ (পাঁচ লক্ষ নিরানব্বই হাজার ছিয়াত্তর টাকা এবং সাতান্ন পয়সা মাত্র), লোন অ্যাকাউন্ট নং ***********1750–এর প্রেক্ষিতে এনপিএ এর তারিখ অনুযায়ী বকেয়া এবং ₹৫,২৯০.৮৯ (পাঁচ হাজার দুশো নব্বই টাকা এবং উননব্বই পয়সা মাত্র), লোন অ্যাকাউন্ট নং ***********1776–এর প্রেক্ষিতে এনপিএ এর তারিখ অনুযায়ী বকেয়া, চুক্তি বাতিলের কারণে বকেয়া অর্থ, তৎসহ পেমেন্টের তারিখ পর্যন্ত চুক্তিবদ্ধ হারের অব্যবহৃত সুদ। খ) ২২.০৪.২০২৬ গ) ১৩.১০.২০২৬

স্থান: ভুবনেশ্বর, তারিখ: ১৭.১০.২০২৬
অনুমোদিত আধিকারিক, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড